# PART ONE : GRAMMAR

## Unit 1 : Language & Grammar
## ভাষা ও ব্যাকরণ

1. **Language কাকে বলে? উদাহরণ দাও।**
   **Ans :** মানুষ মনের ভাব প্রকাশ করার জন্য যে সকল অর্থবোধক ধ্বনি বা আওয়াজ উচ্চারণ করে, তাকে **Language** (ল্যাংগুয়েজ) বা ভাষা বলে।
   যেমন: Bengali Language, English Language, Arabic Language etc.
2. **English Language কাকে বলে?**
   **Ans :** ইংরেজরা যে ভাষায় কথা বলে বা লিখে মনের ভাব প্রকাশ করে, তাকে **English Language** (ইংলিশ ল্যাংগুয়েজ) বা ইংরেজি ভাষা বলে।
3. **Mother Language কাকে বলে?**
   **Ans :** মায়ের কাছ থেকে শেখা ভাষাকে **Mother Language** (মাদার ল্যাংগুয়েজ) বা মাতৃভাষা বলে। আমাদের Mother Language হলো Bangla.
4. **Grammar কাকে বলে? উদাহরণ দাও।**
   **Ans :** যে বই পড়লে কোন ভাষা শুদ্ধভাবে বলা, পড়া ও লেখার নিয়ম-কানুন জানা যায়, তাকে **English Grammar** (ইংলিশ গ্রামার) বা ইংরেজি ব্যাকরণ বলে।

### Exercise (অনুশীলনী)

1. **উদাহরণসহ সংজ্ঞা দাও :**
   Language, Mother Language, Grammar, English Grammar.

# Unit 2 : Sound & Letter

## শব্দ ও বর্ণ

1. **Sound কাকে বলে? উদাহরণ দাও।**
   **Ans :** কোন শব্দ উচ্চারণ করার সময় আমরা যেসব আওয়াজ সৃষ্টি করি, তাদেরকে **Sound** (সাউন্ড) বা ধ্বনি বলে। যেমন : Boy, Cat, Girl ইত্যাদি।
2. **Letter কাকে বলে? উদাহরণ দাও।**
   **Ans :** ধ্বনির পরিবর্তে যেসব সাংকেতিক চিহ্ন বা প্রতীক ব্যবহৃত হয়, তাদেরকে **Letter** (লেটার) বা বর্ণ বলে। যেমন : A, B, C, D, E ইত্যাদি।
3. **Alphabet কাকে বলে? উহা কত প্রকার ও কী কী?**
   **Ans :** ইংরেজিতে A থেকে Z পর্যন্ড় মোট ২৬টি Letter বা বর্ণ রয়েছে। এই ২৬টি Letter বা বর্ণকে একত্রে **Alphabet** (অ্যালফাবেট) বা বর্ণমালা বলে। উহা দুই প্রকার। যথা :
   1. Vowel (ভাউএল) ও 2. Consonant (কনসোন্যান্ট)
4. **Vowel কাকে বলে? Vowel কয়টি ও কী কী?**
   **Ans :** যেসব বর্ণ অন্য বর্ণের সাহায্য ছাড়া নিজে নিজে উচ্চারিত হতে পারে, তাদেরকে **Vowel** (ভাউএল) বা স্বরবর্ণ বলে। ইংরেজিতে Vowel বা স্বরবর্ণ ৫টি।
   যথা : A, E, I, O, U.
5. **Consonant কাকে বলে? Consonant কয়টি ও কী কী?**
   **Ans :** যেসব Letter Vowel এর সাহায্য ছাড়া উচ্চারিত হতে পারে না, তাদেরকে **Consonant** (কনসোন্যান্ট) বা ব্যঞ্জনবর্ণ বলে।
   যথা : B, C, D, F, G, H, J, K, L, M, N, P, Q, R, S, T, V, W, X, Y, Z.
   B = ব + e (ই) = বি, C = স + e (ই) = সি, D = ড + e = ডি ইত্যাদি।

## Exercise (অনুশীলনী)

1. **উদাহরণসহ সংজ্ঞা দাও :**
   Sound, Letter, Alphabet, Vowel, Consonant.

## Unit 3 : Word & Syllable
## শব্দ ও শব্দাংশ

**1. Word কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** এক বা একাধিক Letter মিলে যদি একটি অর্থ প্রকাশ করে, তখন তাকে **Word** (ওয়ার্ড) বা শব্দ বলে। যেমন : Masud, Dhaka, Book ইত্যাদি।

| Word | Word নয় |
|---|---|
| B O Y = BOY অর্থ বালক | কিন্তু YBO কোন অর্থ বুঝায় না। |
| C A T = CAT অর্থ বিড়াল | কিন্তু TAC কোন অর্থ বুঝায় না। |
| G U N = GUN অর্থ বন্দুক | কিন্তু NUG কোন অর্থ বুঝায় না। |
| B O O K = BOOK অর্থ বই | কিন্তু BOKO কোন অর্থ বুঝায় না। |

Letter-গুলো পাশাপাশি বসিয়ে দেখতে হবে এর দ্বারা কোন এর্থ প্রকাশ করছে কিনা, যদি অর্থ প্রকাশ করে তাহলে সেটাই Word বা শব্দ।

**2. Syllable কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** কোন Word-এর যতটুকু অংশ একবারে উচ্চারণ করা যায়, তাকে **Syllable** (সিলেবল) বা শব্দাংশ বলে। যেমন : Ba-by, Pen-cil, Um-bre-lla.

প্রত্যেক Syllable-এ অন্তত একটি Vowel থাকবেই।

**3. Syllable কত প্রকার ও কী কী?**

**Ans :** Syllable চার প্রকার। যথা :

1. Mono-syllable (মনোসিলেবল)-এক শব্দাংশ
2. Di-syllable (ডিসিলেবল)-দু শব্দাংশ
3. Tri-syllable (ট্রাইসিলেবল)–তিন শব্দাংশ
4. Poly-syllable (পলিসিলেবল)–বহু শব্দাংশ

### Exercise (অনুশীলনী)

**1. উদাহরণসহ সংজ্ঞা দাও :** Word, Syllable.

2. Syllable কত প্রকার ও কী কী?

## Unit 4 : Sentence

## বাক্য

1. **Sentence কাকে বলে? উদাহরণ দাও।**
**Ans :** কয়েকটি Word বা শব্দ এক সাথে বসে যখন একটি সম্পূর্ণ মনের ভাব প্রকাশ করে, তখন তাকে **Sentence** (সেনটেন্স) বা বাক্য বলে।
যেমন : I eat rice. Masud reads a book. This is a pen ইত্যাদি।
2. **Sentence-এর কয়টি অংশ ও কী কী?**
**Ans :** Sentence-এর দুইটি অংশ। যথা :
i. Subject (সাবজেক্ট) উদ্দেশ্য
ii. Predicate (প্রেডিকেট) বিধেয়
3. **Subject কাকে বলে?**
**Ans :** Sentence-এ যার সম্বন্ধে কিছু বলা হয়, তাকে **Subject** (সাবজেক্ট) বা উদ্দেশ্য বলে।
4. **Predicate কাকে বলে?**
**Ans :** Subject সম্বন্ধে যা কিছু বলা হয়, তাকে **Predicate** (প্রেডিকেট) বা বিধেয় বলে।
5. **নিচের Sentence গুলোকে Subject ও Predicate-এ ভাগ করে দেখানো হলো :**

| Sentence | Subject | Predicate |
|---|---|---|
| He goes to school. | He | goes to school. |
| They are playing. | They | are playing. |
| Masud has two brothers. | Masud | has two brothers. |
| Mr. Nazmul is a doctor. | Mr. Nazmul | is a doctor. |
| His father is a teacher. | His father | is a teacher. |

## Exercise (অনুশীলনী)

1. উদাহরণসহ সংজ্ঞা দাও :
Sentence, Subject, Predicate.

## পদ প্রকরণ

**1. Parts of Speech কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** Sentence-এর অন্তর্গত প্রত্যেকটি Word-কে এক একটি **Parts of Speech** (পার্টস অভ স্পীচ) বলে। **Parts of Speech** আট প্রকার। যথা:

1. Noun (নাউন)–বিশেষ্য
2. Pronoun (প্রোনাউন)–সর্বনাম
3. Adjective (অ্যাডজেকটিভ)–বিশেষণ
4. Verb (ভার্ব)–ক্রিয়া
5. Adverb (অ্যাডভার্ব)– ভাব বিশেষণ
6. Preposition (প্রিপজিশন)– পদান্বয়ী অব্যয়
7. Conjunction (কনজাঙ্কশন)– সমুচ্চয়ী অব্যয়
8. Interjection (ইন্টারজেকশন)– আবেগসূচক অব্যয়

**3. Noun কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** যে Word দ্বারা কোন কিছুর নাম বুঝায়, তাকে **Noun** (নাউন) বা বিশেষ্য বলে। যেমন : Rahim, Comilla, Pen ইত্যাদি।

**4. Pronoun কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** Noun-এর পরিবর্তে যে Word বসে, তাকে **Pronoun** (প্রোনাউন) বা সর্বনাম বলে। যেমন : I, We, He, She ইত্যাদি।

**5. Adjective কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** যে Word দ্বারা Noun বা Pronoun-এর দোষ, গুণ, সংখ্যা, অবস্থা ও পরিমাণ বুঝায়, তাকে **Adjectie** (অ্যাডজেকটিভ) বা বিশেষণ বলে।

যেমন : God, Bad, Nice, Kind ইত্যাদি।

**6. Verb কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** যে Word দ্বারা কোন কাজ করা বুঝায়, তাকে **Verb** (ভার্ব) বা ক্রিয়া বলে। যেমন : Go, Come, See, Run ইত্যাদি।

**7. Adverb কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** যে Word কোন Verb (ভার্ব)-এর অবস্থা, পরিমাণ ও সময় ইত্যাদি বুঝায়, তাকে **Adverb** (অ্যাডভার্ব) বা ক্রিয়া বিশেষণ বলে।

যেমন : Very, Well, Now, Slowly, Kindly ইত্যাদি।

**8. Preposition কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** যে Word-এর সাথে সম্পর্ক বজায় রাখে, তাকে **Preposition** (প্রিপজিশন) বা পদান্বয়ী অব্যয় বলে। যেমন : On, In, At, For, After ইত্যাদি।

**9. Conjunction কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** যেসব Word দুই বা তার বেশি Word বা Sentence-কে যুক্ত করে, তাকে **Conjunction** (কন্‌জাঙ্কশ্‌ন্‌) বা সমুচ্চয়ী অব্যয় বলে।

যেমন : As, So, Or, And, But ইত্যাদি।

**10. Interjection কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** যে Word দিয়ে মানুষের মনের আনন্দ, দুঃখ, বেদনা ইত্যাদি প্রকাশ পায়, তাকে **Interjection** (ইন্টারজেকশন) বা আবেগসূচক অব্যয় বলে।

যেমন : Oh! Alas! Ah! Hurrah! Bravo! ইত্যাদি।

## Exercise (অনুশীলনী)

1. **উদাহরণসহ সংজ্ঞা দাও :**
   Parts of Speech, Noun, Pronoun, Adjective, Verb.
2. Adverb-এর ৫টি উদাহরণ দাও।
3. Preposition-এর ৫টি উদাহরণ দাও।
4. Conjunction-এর ৫টি উদাহরণ দাও।
5. Interjection-এর ৫টি উদাহরণ দাও।

## Unit 6 : NUMBER

# বচন

**1. Number কাকে বলে?**

**Ans :** যে Word দ্বারা কোন Noun বা Pronoun-এর সংখ্যা বুঝায়, তাকে **Number** (নাম্বার) বা বচন বলে।

**2. Number কত প্রকার ও কী কী?**

**Ans :** ইংরেজিতে Number (নাম্বার) দুই প্রকার। যথা :

1. Singular Number (সিঙগিউলার নাম্বার)-একবচন
2. Plural Number (প-ুরাল নাম্বার)–বহুবচন

**3. Singular Number কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** যে Noun বা Pronoun দিয়ে একটি মাত্র ব্যক্তি, প্রাণী বা বস্তুকে বুঝায়, তাকে **Singular Number** (সিঙগিউলার নাম্বার) বা একবচন বলে।

যেমন : Boy, Girl, Book, Cat ইত্যাদি।

**4. Plural Number কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** যে Noun বা Pronoun দিয়ে একটির বেশি ব্যক্তি, প্রাণী বা বস্তুকে বুঝায়, তাকে **Plural Number** (প-ুরাল নাম্বার) বা বহুবচন বলে।

যেমন : Boys, Girls, Books, Cats ইত্যাদি।

**5. Number পরিবর্তন করার নিয়মগুলো লিখ।**

***i.*** *সাধারণত : Singular Number-এর শেষে s যোগ করে Plural করতে হয়। যেমন :*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| 1. Boy (বালক) | Boys | 6. Day (দিন) | Days |
| 2. Ball (বল) | Balls | 7. Egg (ডিম) | Eggs |
| 3. Cat (বিড়াল) | Cats | 8. Fan (পাখা) | Fans |
| 4. Dog (কুকুর) | Dogs | 9. Goat (ছাগল) | Goats |
| 5. Cup (পেয়ালা) | Cups | 10. Pen (কলম) | Pens |

***ii.*** *যেসব Noun-এর শেষে s, ss, sh, ch, x, z থাকে তাদের শেষে es যোগ করে Plural করতে হয়। যেমন :*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| 1. Bus (বাস) | Buses | 6. Class (শ্রেণী) | Classes |
| 2. Ass (গাধা) | Asses | 7. Glass (গ-াস) | Glasses |
| 3. Dish (বড় থালা) | Dishes | 8. Fox (খেঁকশিয়াল) | Foxes |
| 4. Box (বাক্স) | Boxes | 9. Fish (মাছ) | Fishes |
| 5. Match (ম্যাচ) | Matches | 10. Bench (বেঞ্চ) | Benches |

***iii.*** *কোন Noun-এর শেষে 'o' থাকলে এবং 'o'-এর পূর্বে Consonant থাকলে তার শেষে es যোগ করে Plural করতে হয়। কিন্তু Vowel থাকলে শুধু s যোগ করতে হয়। যেমন :*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| 1. Mango (আম) | Mangoes | 5. Bamboo (বাঁশ) | Bamboos |
| 2. Hero (বীর) | Heroes | 6. Zoo (চিড়িয়াখানা) | Zoos |
| 3. Potato (গোলআলু) | Potatoes | 7. Radio (বেতার) | Radios |
| 4. Tomato (টমেটো) | Tomatoes | 8. Cuckoo (কোকিল) | Cuckoos |

***iv.*** *Noun-এর শেষে y থাকলে এবং y-এর আগে Consonant থাকলে y-এর স্থলে i এবং i-এর পরে es যোগ করে Plural করতে হয়। যেমন—*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| 1. Army (সৈন্যদল) | Armies | 4. Body (শরীর) | Bodies |
| 2. Baby (শিশু) | Babies | 5. City (শহর) | Cities |
| 3. Fly (মাছি) | Flies | 6. Story (গল্প) | Stories |

**v.** *Noun-এর শেষে y থাকলে এবং y-এর আগে Vowel থাকলে শুধু s যোগ করে Plural করতে হয়। যেমন —*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| 1. Boy (বালক) | Boys | 4. Day (দিন) | Days |
| 2. Key (চাবি) | Keys | 5. Play (খেলা) | Plays |
| 3. Toy (খেলনা) | Toys | 6. Bay (উপসাগর) | Bays |

**vi.** *Singular Noun-এর শেষে f বা fe থাকলে f বা fe উঠিয়ে ves বসিয়ে Plural করতে হয়। যেমন—*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| 1. Knife (ছুরি) | Knives | 4. Thief (চোর) | Thieves |
| 2. Calf (বাছুর) | Calves | 5. Wife (স্ত্রী/গিন্নী) | Wives |
| 3. Leaf (পাতা) | Leaves | 6. Live (বাস করা) | Lives |

**vii.** *কয়েকটি গুরুত্বপূর্ণ Number-এর পরিবর্তন দেখানো হল :*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| 1. Book (বই) | Books | 5. Baby (শিশু) | Babies |
| 2. Bird (পাখি) | Birds | 6. Lady (মহিলা) | Ladies |
| 3. Pencil (পেনসিল) | Pencils | 7. Life (জীবন) | Lives |
| 4. Class (শ্রেণী) | Classes | 8. Body (দেহ) | Bodies |

**viii.** *ভেতরের Vowel পরিবর্তন করে নিচের Noun গুলোর Plural-এ পরিবর্তন করতে হয়। যেমন—*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| 1. Man (মানুষ) | Men | 4. Foot (পায়ের পাতা) | Feet |
| 2. Mouse (ইঁদুর) | Mice | 5. Woman (স্ত্রীলোক) | Women |
| 3. Louse (উকুন) | Lice | 6. Goose (রাজহাঁস) | Geese |

**ix.** *Singular Pronoun-এর Plural করতে কোন নির্দিষ্ট নিয়ম নেই। যেমন—*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| I (আমি) | We (আমরা) | He/She (সে) | They (তারা) |
| My (আমার) | Our (আমাদের) | Me (আমাকে) | Us (আমাদিগকে) |
| This (এটি) | These (এগুলো) | That (এটি) | Those (এগুলো) |
| Him (তাকে) | Them (তাদেরকে) | His (তার) | Their (তাহারা) |

## Exercise (অনুশীলনী)

1. Number কাকে বলে?
2. নিচের শব্দগুলোর Plural Number লেখ :

   Me, Man, Mango, Tree, Class, Foot, Hero, Tooth, Baby, Fly, Day.

# Unit 7 : Tense

## কাল

1. **Tense কাকে বলে?**

   **Ans :** ক্রিয়া সম্পন্ন হওয়ার সময়কে **Tense** (টেন্স্) বা কাল বলে।

2. **Tense কত প্রকার ও কী কী?**

   **Ans :** Tense প্রধানত : তিন প্রকার। যেমন : (i) Present (প্রেজেন্ট) Tense, (ii) Past (পাস্ট) Tense ও (iii) Future (ফিউচার্) Tense.

3. **Present Tense কাকে বলে? উদাহরণ দাও।**

   **Ans :** বর্তমান কালের কোন কাজ হয় বা হচ্ছে বুঝাতে Verb-এর যে রূপ হয়, তাকে **Present Tense** (প্রেজেন্ট টেন্স) বা বর্তমান কাল বলে।

4. **Past Tense কাকে বলে? উদাহরণ দাও।**

   **Ans :** অতীত কালে কোন কাজ ঘটেছে বুঝাতে Verb-এর যে রূপ হয়, তাকে **Past Tense** (পাস্ট টেন্স) বা অতীত কাল বলে।
   যেমন : I came home yesterday.

5. **Future Tense কাকে বলে? উদাহরণ দাও।**

   **Ans :** ভবিষ্যতে কোন কাজ করা হবে বুঝাতে Verb-এর যে রূপ হয়, তাকে **Future Tense** (ফিউচার্ টেন্স) বা ভবিষ্যত কাল বলে।
   যেমন : I shall go home.

## Exercise (অনুশীলনী)

1. Tense কাকে বলে?
2. Tense কত প্রকার ও কী কী?
3. Present Tense কাকে বলে? উদাহরণ দাও।
4. Past Tense কাকে বলে? উদাহরণ দাও।
5. Future Tense কাকে বলে? উদাহরণ দাও।
6. কোনটি কোন Tense লিখ :

   I eat rice. Karim goes to School. Ali went home. He did the sum. Rana will play, The boy is playing. Hasan had gone to Comilla.

## PART TWO : TRANSLATION

## বঙ্গানুবাদ

# Article

## A-এর ব্যবহার

একটি কলম — A Pen.
একজন মানুষ — A man.
একটি বই — A book.
একটি বালক — A boy.
এটি একটি কলম— This is a pen.
এটি একটি মানুষ — This is a man.

## An-এর ব্যবহার

একটি কমলা — An orange.
একটি ডিম — An egg.
একটি আপেল — An apple.
একটি পিঁপড়া — An ant.
এটি একটি পেঁচা — This is an owl.
একটি ষাঁড় — An ox.
আমার একটি ছাতা আছে — I have an umbrella.

## The-এর ব্যবহার

লোকটি — The man.
বালিকাটি — The girl.
বালকটি — The boy.
বইটি — The book.
আমটি মিষ্টি — The mango is sweet.
গাছটি —The tree.
বালকটি চালাক — The boy is clever.

**ইংরেজি কর :** একটি গরু। একটি বাঘ। একটি কমলা। পাখিটি। বালকটি। মুরগীটি। বালকটি চালাক। সে একজন ছাত্র। একটি কালির দোয়াত।

## Am, Is, Are-এর ব্যবহার

আমি হই — I am.
আমি ভাল আছি — I am well.
সে (পুং) হয় — He is.
দুধ সাদা — Milk is white.
আমরা হই — We are.
তারা ধনী — They are rich.

## Was, Were-এর ব্যবহার

আমি ছিলাম — I was.
আমি উপস্থিত ছিলাম— I was present.
তারা ছিল — They were.
আমরা গরীব ছিলাম — We were poor.
সে অলস ছিল — He was lazy.
তারা সুখী ছিল — They were happy.

## Shall be, Will be-এর ব্যবহার

আমি হব — I shall be.
আমি শিক্ষক হব — I shall be a teacher.
তুমি হবে — You will be.
সে আনন্দিত হবে — He will be glad.
তারা হবে— They will be.
অঙ্কটি সহজ হবে — The sum will be easy.
আমরা থাকব — We will be.
আমরা সৎ হব — We will be honest.

## Exercise (অনুশীলনী)

**ইংরেজি কর :** আমি ছাত্র। তারা গরীব। লোকটি ভদ্র ছিল। অভি সাহসী ছিল। আমি ডাক্তার হব। কাজটি সহজ হবে। আমরা সৎ হব। আমি বাড়ি ছিলাম। সে গরীব ছিল।

## Have, Has-এর ব্যবহার

আছে — Have, Has.
আমার আছে — I have.
তোমার আছে — You have.
তার (পুং) আছে — He has.
আমাদের আছে — We have.
আমার একটি আংটি আছে — I have a ring.
তার (স্ত্রী) একটি কলম আছে — She has a pen.
তানিয়ার পুতুল আছে — Tania has a doll.

## Had-এর ব্যবহার

আমার ছিল — I had.
তার (পুং) ছিল — He had.
আমার টুপি ছিল — I had a cap.
তার টাকা ছিল — He had money.
তোমার একটি পুতুল ছিল — You had a doll.
তার (স্ত্রী) একটি ভাই ছিল — She had a brother.
তার একটি বই ছিল — He had a book.

## Exercise (অনুশীলনী)

**ইংরেজি কর :** সাইফুলের বই আছে। মাসুদের একটি কলম আছে। তার (স্ত্রী) একটি বিড়াল ছিল। তার (পুং) একটি বোন ছিল।

## Present Tense

১. আমি খাই — I eat.
২. সে খায় — He eats.
৩. তারা পান করে — They drink.
৪. আমি চিঠি লিখি — I write a letter.
৫. আমরা চা পান করি — We take tea.
৬. রুমি চিঠি লেখে — Rumi writes a letter.
৭. বীনা নাচে — Bina dances.
৮. সে স্কুলে যায় —He goes to school.
৯. তারা হাঁটছে — They are walking.
১০. আমরা সাঁতার কাটছি — We are swimming.
১১. পাখিরা গান গাইছে — The birds are singing.

## Exercise (অনুশীলনী)

**ইংরেজি কর :** আমি দৌড়াই। অভি হাসে। হেপী বই পড়ে। কবির সাঁতার কাটছে। পাখিরা উড়ছে।

## Past Tense

১. আমি খেয়েছিলাম — I ate.
২. তারা গিয়েছিল — They went.
৩. সে গান গাইল — He sang a song.
৪. আমি আম খেয়েছিলাম — I ate mangoes.
৫. রিফাত চিঠি লিখল — Rifat wrote a letter.
৬. রিনি বগুড়া গেল — Rini went to Bogra.
৭. রাশেদ ঘুড়ি উড়াল — Rashed flew a kite.
৮. নির্মল ক্ষুধার্ত ছিল — Nirmal was hungry.
৯. সে পানি পান করেছিল — He drank water.
১০. তারা খাচ্ছিল — They were eating.

## Exercise (অনুশীলনী)

**ইংরেজি কর :** অয়ন গান গাইল। হাসিব ভাত খেয়েছিল। নাহিদ চিঠি লিখল। মাসুম ঘুড়ি উড়াল। মাইসা হাঁটছিল।

## Future Tense

১. আমি যাব — I shall go.
২. সে খেলবে — He will play.
৩. আমরা খাব — We shall eat.
৪. তোমরা যাবে — You will go.
৫. হালিমা গাইবে — Halima will sing.
৬. কামাল হাসবে — Kamal will Laugh.
৭. নাসির নাচবে — Nasir will dance.
৮. সে ভাত খাবে — He will eat rice.
৯. আমি দৌড়াব — I shall run.
১০. শিশুটি ঘুমাবে — The baby will sleep.

## Exercise (অনুশীলনী)

**ইংরেজি কর :** মাহী খেলবে। অমি গাইবে। আকাশ ভাত খাবে। শিশুটি ঘুমাবে। মাইসা হাসবে।

# PART THREE : PARAGRAPH WRITING

## অনুচ্ছেদ লিখন

**1. Paragraph কাকে বলে?**

**Ans :** কোন একটি বিষয়ে পরস্পর সম্পর্কযুক্ত কতকগুলো বাক্যের সমষ্টিকে Paragraph (প্যারাগ্রাফ) বা অনুচ্ছেদ বলে।

### 1. Myself (আমার কথা)

I am Saiful. I am a boy. I am six years old. I am a student. I am in class two. My father's name is Mr. Azgar Ali. He is a business man. My Mother Rabeya Khatun is a housewife. My sister is Salma. She is also a student. I want to be a teacher.

**শব্দার্থ :** Old (ওল্ড) বয়স। Student (স্টুডেন্ট)–ছাত্র। Class (ক্লাস্)–শ্রেণী। Business man (বিজনেসম্যান)–ব্যবসায়ী। Housewife (হাউজওয়াইফ)–গৃহিণী। Sister (সিস্টার্)–বোন। Want (ওয়ান্ট)–চাওয়া।

### 2. My Family (আমার পরিবার)

I have a family. It is in a village. We are four in number. My father is a teacher. My mother is a housewife. My brother Masud is very young. We live in peace. We are a happy family.

**শব্দার্থ :** Family (ফ্যামিলি)–পরিবার। Village (ভিলেজ্)–গ্রাম। Number (নাম্বার) সংখ্যা। Teacher (টিচার) শিক্ষক। Very young (ভেরী ইয়াং) খুব ছোট। In peace (ইন পিচ) শান্তিতে। Happy (হ্যাপি)–সুখী।

### 3. The Cow (গরু)

The cow is a domestic animal. It is gentle in nature. It has four legs, one long tail and two horns. It lives on grass. The cow gives us milk. Milk is an ideal food. Babies live on cow's milk. We should take care of the cow.

**শব্দার্থ :** Domestic (ডমেস্টিক)–গৃহপালিত। Animal (অ্যানিম্যাল) প্রাণী। Gentle (জেন্টল)–শান্ত। Nature (নেচার) প্রকৃতি। Leg (লেগ)–পা। Long (লং)–লম্বা। Tail (টেইল)–লেজ। Horn (হর্ণ)–শিং। Grass (গ্রাস্)–ঘাস। Milk (মিল্ক)–দুধ। Care (কেয়ার)–যত্ন।

### 4. The Cat (বিড়াল)

The cat is a pet animal. It is gentle. It is small in size. It has four legs, two ears, two eyes and a tail. It can see at night. It kills rats. It eats rice, fish and meat. It likes milk very much. It is useful to us.

**শব্দার্থ :** Pet (পেট্)–পোষা। Small (স্মেল)–ছোট। See (সী)–দেখা। Night (নাইট)–রাত। Kill (কিল)–হত্যা করা। Rat (র‍্যাট)–ইঁদুর। Meat (মীট)–মাংস। Useful (ইউজফুল)–উপকারী।

### 5. My Reading Room (আমার পড়ার ঘর)

I am a student. I have a reading room. It is small. It has a door and two windows. There is a chair, a table, a small book-shelf, a wall clock, a calendar in the room. It is neat and clean. I like my reading room very much.

**শব্দার্থ :** Student (স্টুডেন্ট)–ছাত্র। Room (রুম)–কক্ষ। Door (ডোর)–দরজা। Window (উইন্ডো)–জানালা। Wall clock (ওয়াল ক্লক্)–দেয়াল ঘড়ি। Calendar (ক্যালেন্ডার)–বর্ষপঞ্জি। Clean (ক্লীন্)-পরিষ্কার।

### 6. The Rose (গোলাপ ফুল)

The rose is a beautiful flower. It is very nice to look at. It gives us sweet smell. There are many kinds of roses. Some are white, some are red and some are pink. The rose is called the queen of flowers. All like rose.

**শব্দার্থ :** Beautiful (বিউটিফুল্)-সুন্দর। Flower (ফ্লাওআর্)–ফুল। Nice (নাইস)– চমৎকার। Sweet (সুঈট)–মিষ্টি। Smell (স্মেল)–গন্ধ। White (হোয়াইট)–সাদা। Red (রেড্)–লাল। Pink (পিঙ্ক) গোলাপি। Queen (কুঈন)–রানী। Like (লাইক) পছন্দ করা।

## PART FOUR : LETTER & APPLICATION

### পত্র ও দরখাস্ত লিখন

**1. Letter Writing বা পত্র লিখন কাকে বলে?**

**Ans :** একজন মানুষ তার মনের ভাব অন্যজনের নিকট লিখে পাঠানোর নিয়মকে **Letter Writing** (লেটার রাইটিং) বা পত্র লিখন বলে।

2. **Letter কত প্রকার কী কী?**

**Ans :** Letter সাধারণত চার প্রকার। যথা :
(i) Private (প্রাইভেট) Letter ব্যক্তিগত পত্র
(ii) Business (বিজনেস) Letter- ব্যবসায়িক পত্র
(iii) Official (অফিসিয়াল) Letter অফিস সংক্রান্ড় পত্র
(iv) Public (পাবলিক) Letter- জনস্বার্থ সংক্রান্ড় পত্র

3. **একটি Letter-এর কয়টি অংশ ও কী কী?**

**Ans :** একটি Letter-এর ছয়টি অংশ। যথা :
(i) Heading (হেডিং) শিরোনাম
(ii) Salutation (সেলুটেশন)–সম্ভাষণ
(iii) Body of the letter (বডি অফ দি লেটার)– পত্রের গর্ভাংশ
(iv) Subscription (সাবস্ক্রিপশন)– বিদায় অভিবাদন
(v) Signature (সিগনেচার)– স্বাক্ষর
(vi) Address / Superscription (সুপারস্ক্রিপশন)– ঠিকানা

## Personal Letter
## (ব্যক্তিগত চিঠি-পত্র)

1. **Write a letter to your father asking him for money.** (টাকা চেয়ে পিতার নিকট পত্র লেখ।

**1. Heading (শিরোনাম)**
Banglabazar, Dhaka
6/5/2013

2. **Salutation (সম্ভাষণ)**
Dear father,

**3. Body of the letter (গর্ভাংশ)**

Take my salam. Father, you will be very glad to know that I have stood second in the class. My new class will start very soon. Now I have to buy new books. So I need some money. Please send me Tk. 500/= as soon as possible.
I am well. With best regards to you and mother.

**4. Subscription (বিদায় সম্ভাষণ)**
Your loving son.
**5. Signature (স্বাক্ষর)**
I Ratul

**6. Address/Superscription (ঠিকানা)**

| | Stamp |
|---|---|
| From<br>Ratul<br>Banglabazar<br>Dhaka. | To<br>Mr. Kamal Hossen<br>Vill : Paramtala<br>P.S : Muradnagar<br>Dist : Comilla |

**Word meaning :** Glad (গ-ল্যাড)–আনন্দিত। Know (নৌ)-জানা। Class (ক্লাস)–শ্রেণি। New (নিউ)–নতুন। Need (নীড)–দরকার। Money (মনি)–টাকা। Possible (পসিবল) সম্ভব। Well (ওয়েল)–ভাল। Regard (রিগার্ড)–শ্রদ্ধা।

**2. Write a letter to your friend inviting him to your sister's marriage ceremony.** (তোমার বোনের বিবাহ উপলক্ষে নিমন্ত্রণ জানিয়ে বন্ধুর নিকট পত্র লেখ)

590, Dhania
Dhaka
04/02/2013

Dear Masud,
You will be glad to know that the marriage ceremony of my elder sister comes off on the 20th of this month at our house. I shall be very happy if you kindly attend it. My parents expect your arribal two days earlier.
I hope, your will not fail.

yours ever,
Nipa

Stamp

| From | To |
|---|---|
| Nipa | Masud |
| 590, Dhania | Vill : pandogar |
| Dhaka–1236 | P.O : Muradnagar |
| | Dist : Comilla |

**Word meaning :** Dear (ডিয়ার)-প্রিয়। Glad (গ-ল্যাড)–আনন্দিত। Marriage (ম্যারিজ) বিবাহ। Ceremony (সেরিমৌনি)–অনুষ্ঠান। Elder (এল্ডার)–বড়। Happy (হ্যাপি)–সুখী। Kindly (কাইন্ডলী)–দয়া করে। Attend (অ্যাটেন্ড)–উপস্থিত হওয়া। Parents (প্যারেন্টস) বাবা-মা। Expect (এক্সসেপ্ট)–প্রত্যাশা। Arrival (আরাইভল)–উপস্থিতি। Hope (হৌপ)–আশা করা। Fail (ফেইল) নিরাশা করা / ব্যর্থ হওয়া।

**3. Write a letter to your friend to lend a book.** (তোমার বন্ধুর নিকট বই ধার চেয়ে একখানা পত্র লেখ)

20, Mirpur
Dhaka.
12/05/2013

Dear Hasan,
My love to you. My English grammar book has been lost. I shall be highly glad if you kindly lend me your grammar book for 5 days only. I shall return the book timely.
I am well. My best regards to your parents.

Your evers,
Robin.

Stamp

| From | To |
|---|---|
| Robin | Hasan |
| 20, Mirpur | 275, Dhania |
| Dhaka. | Dhaka–1236 |

**Word meaning :** Love (লাভ)–ভালবাসা। Lost (লস্ট) হারাল। Lend (লেন্ড) ধার দেওয়া। Highly (হাইলি)–অত্যন্ড়। Only (অনলি)–মাত্র। Return (রিটান)–ফিরিয়ে দেয়া। Timely (টাইমলি)–সময়মত। Well (ওয়ল)–সুস্থ / ভাল। Best (বেস্ট)– সবচেয়ে ভাল। Regard (রিগার্ড)–শ্রদ্ধা। Parent (প্যারেন্টস)–মা-বাবা।

## Application

## (আবেদনপত্র)

**1. Write an application to your Headmaster/Principal/Head mistress for leave of absence.** (অনুপস্থিতির জন্য ছুটি চেয়ে তোমার প্রধান শিক্ষক / শিক্ষিকা / অধ্যক্ষের নিকট একখানা আবেদন পত্র লেখ।)

Date : 8/7/2013
To
The Headmaster / Headmistress / Principal
S.S.N School, Dhaka.

**Subject : Application for leave of absence.**
Sir / Madam,
I have to state that I could not attend school from the 10th to the 12th of this month on account of illness.
I, therefore, pray and hope that you would be kind enough to grant me leave of absence for those days only.

I remain,
Sir,
Your most obedient pupil,
Masud
Class – I, Roll–1

**Word Meaning :** Leave (লিভ্)–ছুটি। Absence (অ্যাবসেন্স)–অনুপস্থিতে। Attend (আটেন্ড) উপস্থিত। Month (মান্থ)–মাস। Account of (একাউন্ট্ অব)–কারণে। Illness (ইলনেস)–অসুস্থতা। Therefore (দেয়ারফোর্)– অতএব। Pray (প্রে)–প্রার্থনা। Hope (হৌপ্)–আশা করা। Obedient (অবিডিয়েন্ট)–বাধ্যগত। Pupil (পিউপিল)–ছাত্র।

**2. Write an application to the Headmaster / Principal for leaving earlier.** (তাড়াতাড়ি বাড়ি যাওয়ার জন্য প্রধান শিক্ষক / অধ্যক্ষের নিকট দরখাস্ড় লেখ)

To
The Headmaster / Principal
Morning Sun K.G. School,
Dhaka.

**Subject : Application for leaving earlier.**
Sir / Madam
I beg to state that I feel unwell and I am quite unable to stay in the class any longer.
I, therefore, pray and hope that you will be kind enough to allow me to go home after this period.

I remain,
Sir,
Date : 7/6/2013 Your most obedient pupil,
Hasan
Class–I, Roll – 1

**Word Meaning :** Leaving (লিভিং)–ছুটির। Earlier (আর্লিয়ার্)–তাড়াতাড়ি / আগেভাগে। Feel (ফিল্)– অনুভব করা। Unwell (আনওয়েল)–অসুস্থ। Quite (কোয়াইট্)–সম্পূর্ণ। Unable (আনাএইব্ল্) অসমর্থ। Stay (স্টেই)–থাকা। Therefore (দেআরফোর)-সুতরাং। Hope (হৌপ্)-আশা করা। Allow (আলাউ)–অনুমতি দেওয়া।

**3. Write an application to your Headmaster for remission of delay fine.** (দেরিতে বেতন দেওয়ার জরিমানা মওকুফের জন্য প্রধান শিক্ষকের নিকট দরখাস্ড় লেখ)

To
The Headmaster / Headmistrees
Little Diamond K. G. School.
Dhaka.

**Subject : Application for remission of delay fine.**
Sir,
I beg to state that. I could not pay my tution fees for the last month on the due date because my father was away from home.
May, I therefore, pray and hope that you would be kind enough to remit my delay fine.

I remain,
Sir,
Dated : 12/04/2013 Your most obedient pupil,
Shahinur
Class–I, Roll-5